

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.dip.gov.bd
পাসপোর্ট শাখা


স্মারক নম্বর-৫৮.০১.০০০০.২০২.০৫.০০৪.১৯- ২৮২

তারিখ ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

পাসপোর্টের আবেদনপত্র জমা/গ্রহণের সুশৃঙ্খলতা আনয়ন এবং আবেদনপত্র দাখিল প্রক্রিয়া আরও সহজীকরণ ও জনবান্ধবকরণের নিমিত্ত প্রয়োজনীয় ডকুমেন্টস এর তথ্য সম্পর্কিত একটি চেকলিস্ট প্রণয়ন করা হয়েছে। প্রয়োজনানুযায়ী আবেদনকারীর কোনো ডকুমেন্টস এর ঘাটতি থাকলে সংযুক্ত চেকলিস্টে টিক চিহ্ন (✓) দিয়ে চিহ্নিত করে আবেদন জমা গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক স্বাক্ষর ও সীল প্রদানপূর্বক আবেদনকারীকে উক্ত চেকলিস্ট প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।
০৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।



২৪/০৩/২০২৪
(মোঃ সাদ্দাম হোসেন)
সহকারী পরিচালক (পাসপোর্ট)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০১৭৩৩৩৯৩৩১১
adpassport.@passport.gov.bd

স্মারক নম্বর-৫৮.০১.০০০০.২০২.০৫.০০৪.১৯- ২৮২ (২)

তারিখ ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

বিতরণ: (কার্যার্থে/জ্ঞার্থার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ মহাপরিচালক (কনস্যুলার এন্ড পাসপোর্ট)।
০২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার/কনস্যুলেট জেনারেল/বাংলাদেশ হাইকমিশন/রাষ্ট্রদূত/কনস্যুলেট জেনারেল সকল।
০৪। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা শীর্ষক প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
০৫। পরিচালক, ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, প্রধান কার্যালয়, ঢাকা।
(দৃ.আ. অ্যাসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট, ডাটা সেন্টার, ঢাকা, পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
০৬। পরিচালক/উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, (সকল)।
০৭। উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, (সকল)।
০৮। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ/পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা। (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
১০। সংশ্লিষ্ট নথি।


২৪/০৩/২০২৪
(মোঃ সাদ্দাম হোসেন)
সহকারী পরিচালক (পাসপোর্ট)
মহাপরিচালকের পক্ষে

পাসপোর্টের আবেদন জমা নেওয়ার ক্ষেত্রে চেকলিস্ট (শুধুমাত্র প্রযোজ্য ক্রমিকে টিক (✓) চিহ্ন দিন)।

১. আবেদনকারী কর্তৃক অনলাইনে আবেদনকৃত (পিডিএফ) ফরম প্রিন্টেড কপি।
২. পাসপোর্টের ফি জমা প্রদানের চালান রশিদ (অফলাইন পেমেণ্টের ক্ষেত্রে)।
৩. অনলাইন জন্ম নিবন্ধন সনদ (ইংরেজী ভার্সন) মূলকপি এবং ফটোকপি।
৪. জাতীয় পরিচয় পত্রের মূল ও ফটোকপি (২০ বছরের উর্ধ্বের নাগরিকদের জন্য)।
৫. বর্তমান ঠিকানা প্রমাণের স্বপক্ষে Job ID/Student ID/গ্যাস বিলের কপি/ বিদ্যুৎ বিলের কপি/ টেলিফোন বিলের কপি/পানির বিলের কপি যেটি প্রযোজ্য সেটার মূলকপি প্রদর্শন করা।
৬. দত্তক/অভিভাবকত্ব গ্রহণের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারীকৃত আদেশের কপি।
৭. টেকনিক্যাল পেশা প্রমাণের স্বপক্ষে (ডাক্তার, ইঞ্জিনিয়ার, ড্রাইভার ইত্যাদি) টেকনিক্যাল সনদের কপি।
৮. রি-ইস্যু আবেদনের ক্ষেত্রে মূল পাসপোর্ট (Original Passport) এবং পাসপোর্টের ফটোকপি
৯. খুসর ব্যাকগ্রাউন্ডের 3R সাইজের ফটো (০৬ বছরের নিচে শিশুদের ক্ষেত্রে)।
১০. অপ্রাপ্ত বয়স্ক আবেদনকারীর ক্ষেত্রে পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের কপি।
১১. মেডিকেল সনদ (চোখের আইরিশ, ফিঙ্গারপ্রিন্ট মিসিং হবার ক্ষেত্রে)।
১২. সরকারী আদেশ (GO)/অনাপত্তি সনদ (NOC)/প্রত্যয়নপত্র এর কপি যা ইস্যুকারী কর্তৃপক্ষের নিজ নিজ Website এ আপলোড থাকতে হবে।(প্রযোজ্য ক্ষেত্রে)
১৩. PRL এর আদেশ/পেনশন বই এর কপি।(প্রযোজ্য ক্ষেত্রে)
১৪. বৈবাহিক অবস্থার পরিবর্তন হলে পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে বিবাহ সনদ/কাবিন নামার কপি।
১৫. বিবাহ বিচ্ছেদ হলে পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে বিচ্ছেদের সনদ/তালাক নামার কপি।
১৬. হারানো পাসপোর্টের ক্ষেত্রে সাধারণ ডায়েরী (GD) এর মূল কপি।
১৭. পূর্বের পাসপোর্ট এবং NID/BRC-তে তথ্য গড়মিল থাকলে নির্ধারিত ফরম্যাটে পূরণকৃত অঙ্গীকারনামা।
১৮. Multiple Active পাসপোর্টের ক্ষেত্রে নির্ধারিত ফরম্যাটে পূরণকৃত অঙ্গীকারনামা।
১৯. তথ্য সংশোধনের জন্য অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে শিক্ষাগত সনদ (JSC/SSC/HSC/সমমান)।
২০. সরকারী চাকুরীজীবীদের তথ্য সংশোধনের ক্ষেত্রে NID, শিক্ষাগত সনদ ও সার্ভিস রেকর্ড অনুযায়ী অফিসের প্রত্যয়নপত্র এবং সার্ভিস রেকর্ডের ফটোকপি।
২১. দ্বৈত নাগরিকত্বের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের Dual Citizenship সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।
২২. অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে পিতা-মাতার অনুমতিপত্র এবং পিতা-মাতার উভয় বা যেকোন একজন উপস্থিত থাকা।

[বিঃদ্রঃ বায়ো-এনরোলমেন্ট এর সময় ছবি উঠানোর জন্য সাদা পোশাকের পরিবর্তে রঞ্জিন পোশাক পরিধান করতে হবে]।

১৩